দৈনিক ইত্তেফাক
তারিখ 13 NOV 1990
পৃষ্ঠা ... কলাম ...

15

# কুমিল্লা বোর্ডে এইচএসসি পরীক্ষায় পাসের হার ৩০

(ইত্তেফাক রিপোর্ট)

-গতকাল (সোমবার) কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এই বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। পাসের

ফলাফল ৮ম পৃষ্ঠায়

হার তিরিশ দশমিক একত্রিশ শতাংশ। গত জুলাই-আগষ্ট মাসে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

অংশগ্রহণকারী মোট ৭৩ হাজার ২৪৪ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২২

(২য় পৃঃ দ্রঃ)



মোহাম্মদ নাজমুল আহসান, বিজ্ঞানে প্রথম। সে চাঁদপুর নুতন বাজারের মতিউর রহমানের পুত্র



মো: জেসমুল হাসান, মানবিক বিভাগে প্রথম। সে পূবালী ব্যাঙ্ক চট্টগ্রাম জোনের এজিএম রোডের মো: জসিমউদ্দিনের পুত্র



মনজুরুল আলম, বাণিজ্য বিভাগে প্রথম। তাহার পিতা আলেফ হোসেন, দৌলতপুর, বাগমারা, কুমিল্লা

## কুমিল্লা বোর্ড

(১ম পৃঃ পর)

হাজার ২ শত ২ জন উত্তীর্ণ হইয়াছেন। উত্তীর্ণদের মধ্যে সংখ্যাগরিষ্ঠ অংশ প্রথম ও দ্বিতীয় বিভাগে স্থান লাভ করিয়াছে। মোট ১ হাজার ৪০৪ জন প্রথম বিভাগে এবং ১১ হাজার ১০৪ জন দ্বিতীয় বিভাগ পাইয়াছেন। শাখাওয়ারী পাসের হারের দিক হইতে বিজ্ঞান শাখা সর্বোচ্চ অবস্থানে ৩৬ দশমিক ৯৫ শতাংশ। ইহার পর বাণিজ্য ৩১ দশমিক ৭০ শতাংশ, কলা শাখার উত্তীর্ণ হার শতকরা ২৬ দশমিক ১৯ ভাগ; বাণিজ্য শাখা সর্বনিম্ন স্থানে —১৯ দশমিক শূন্য ছয় শতাংশ। নিয়মিত পুরুষ পরীক্ষার্থীদের তুলনায় নিয়মিত মহিলা পরীক্ষার্থীগণের পাসের হার অধিক। কলা: পুরুষ ২৫ দশমিক ৩৭ শতাংশ; মহিলা ২৮ দশমিক ১৮ শতাংশ। বিজ্ঞান: পুরুষ শতকরা ২৬ দশমিক ৭৬, মহিলা ৩৭ দশমিক ৯৬ শতাংশ। বাণিজ্য: পুরুষ ৩১ দশমিক ৩১ শতাংশ; মহিলা শতকরা ৩৭ দশমিক ২৫ ভাগ। কৃষি: পুরুষ ১৮ দশমিক ৮৭ ভাগ; মহিলা শতকরা ২০ দশমিক ৫১। কলা ও বাণিজ্য শাখার স্বল্পসংখ্যক পুরুষ ও মহিলা পরীক্ষার্থীর ফলাফলে পুরুষের পাসের হার বেশী হওয়ায় সামগ্রিক ফলাফলে মহিলাদের উত্তীর্ণ হার নীচে নামিয়া গিয়াছে (পুরুষ-৩০ দশমিক ৪৫ শতাংশ এবং মহিলা-২৯ দশমিক ৯৩ ভাগ)। মোট অংশগ্রহণকারীর মধ্যে মহিলার সংখ্যা ১৯ হাজার ৯৫। বাণিজ্য শাখায় মহিলা পরীক্ষার্থী পুরুষের তুলনায় অন্য সকল শাখার মধ্যে সর্বনিম্নে প্রায় ৫ দশমিক ৬ শতাংশ।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এই ফলাফলে কোনপ্রকার ভুলত্রুটি ধরা পড়িলে পরবর্তী তিরিশ দিনের মধ্যে লিখিতভাবে তাঁহার নিকট অবহিত করার পরামর্শ দিয়াছেন।

## কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষা



মুহাম্মদ শরীফুল ইসলাম, বিজ্ঞানে দ্বিতীয়। সে কুমিল্লা সরকারী মহিলা কলেজের অধ্যাপক সিরাজুল ইসলামের পুত্র



রাশেদা বানু মানবিক বিভাগে দ্বিতীয়। সে উত্তর পাঁচলাইশ চট্টগ্রাম এর মোহাম্মদ তকী'র কন্যা



সত্যজিৎ বড়ুয়া, বাণিজ্য বিভাগে দ্বিতীয়। তাহার পিতা পরমানন্দ বড়ুয়া, গহিরা, রাউজান, চট্টগ্রাম



শাম্মী নাজ আমিন, বিজ্ঞানে তৃতীয়। সে কুমিল্লা দক্ষিণ ঠাকুর পাড়ার এ্যাডভোকেট রহুল আমীন ও বেগম নুরজাহান আমিনের কন্যা



মোহাম্মদ সেলিম, মানবিক বিভাগে তৃতীয়। সে কুমিল্লার মুরাদনগরের জয়নাল আবেদীনের পুত্র



আহমেদ রায়হান শামসী, বাণিজ্য বিভাগে তৃতীয়। তাহার পিতা আফম শামসুদ্দোহা, চিনা ধুবুড়িয়া, শাহজাদপুর, সিরাজগঞ্জ

## এস এস সি কম্পার্টমেন্টাল

এক তথ্য বিবরণীতে বলা হয়, কুমিল্লা বোর্ড কর্তৃক আয়োজিত ১৯৯০ সালের এস এস সি কম্পার্টমেন্টাল পরীক্ষা আগামী ১৮ই নভেম্বর রবিবারে অনুষ্ঠিত হইবে। এই পরীক্ষা গত ১লা নভেম্বর অনুষ্ঠিত হইবার কথা ছিল।